

ALL INDIA RADIO, AGARTALA

Date: 30-08-2024

Time: 07:35-07:40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Flood Situation :

ত্রিপুরা প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষ সমগ্র রাজ্যকে প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত এলাকা হিসাবে ঘোষণা করেছে। সাম্প্রতিক ভয়াবহ বন্যায় ব্যাপক ক্ষতির পরিপ্রেক্ষিতে এই ঘোষণা দেওয়া হয়। রাজস্ব সচিব বৃজেশ পান্ডে ঐতকাল মহাকরণে সাংবাদিক সম্মেলনে এই সংবাদ জানান। তিনি জানান, এবিষয়ে ইতিমধ্যে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। রাজ্যে বন্যা ও ধ্বংসে এখন পর্যন্ত মৃত্যুর সংখ্যা বেড়ে হয়েছে ৩২। আহত হয়েছেন দুইজন ও ১ জন নিখোঁজ রয়েছেন। রাজ্যে বর্তমানে ৩৪৬টি ত্রান শিবিরে ৫২ হাজার ৯০৬ জন রয়েছেন। ত্রান শিবিরগুলোতে স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধপত্র দেওয়া হচ্ছে।

তিনি আরো জানান, রাজ্যে ২৪টি বিদ্যুত মহকুমার মধ্যে ১৮টিতে ১০০ শতাংশ বিদ্যুত সরবরাহ স্বাভাবিক করা হয়েছে।

রাজ্যের ৪ হাজার ৭৩৪টি স্কুলের মধ্যে এখনো ১৬৩টি স্কুল চালু করা যায় নি।

রাজস্ব সচিব শ্রী পান্ডে জানান, বন্যার ফলে যেসমস্ত নির্মাণ শ্রমিক কাজ হারিয়েছেন, রাজ্য সরকারের শ্রম দপ্তর সিদ্ধান্ত নিয়েছে, নথীভুক্ত ৪২ হাজার ৯৮১ জন নির্মাণ শ্রমিককে এককালীন ৪ হাজার টাকা করে দেওয়া হবে।

TRAN-FEMALE ADVOCATE :

রাজধানী থেকে মহিলা আইনজীবী এবং তাদের সহকারীরা ঐামতী জেলার মাতাবাড়ি ও R.K. পুর বিধানসভা কেন্দ্রের বেশ কিছু বন্যা কবলিত এলাকার বিপন্ন মানুষের হাতে খাদ্যসামগ্রী তুলে দেন। মাতাবাড়ি বিধানসভা কেন্দ্রের

মুড়াপাড়া, জয়ন্তী বাজার এবং R.K. পুর বিধানসভা কেন্দ্রের জামজুড়ি ও রেল স্টেশন এলাকায় ত্রাণ সামগ্রী বিতরণ করেন।

Press Meet-BJP :

রাজ্যে আত্মী তেসরা সেপ্টেম্বৰ থেকে বিজেপি'ৰ সদস্যতা অভিযান শুরু হবো। অভিযানের সূচনা কৰবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। প্রথম পৰ্বে এই অভিযান চলবে ২৫শে সেপ্টেম্বৰ পৰ্যন্ত এবং দ্বিতীয় পৰ্বে অভিযান চলবে পয়লা অক্টোবৰ থেকে ১৫ই অক্টোবৰ পৰ্যন্ত। ঐতকাল আত্মৰতলায় এক সাংবাদিক সম্মেলনে প্রদেশ বিজেপি'ৰ সাধাৰণ সম্পাদক ভাৰতান চন্দ্র দাস এখবৰ জানান।

CPIM meeting :

সিপিআইএম রাজ্য সদৰ কাৰ্যালয়ে ঐতকাল রাজ্য কমিটি'ৰ বৈঠক অনুষ্ঠিত হয়। রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী সাংবাদিকদের জানিয়েছেন, বৈঠকে ত্ৰিস্তৰ পঞ্চায়েত নিৰ্বাচনের ফলাফল নিয়ে পর্যালোচনা হয়েছে। পাশাপাশি রাজ্যে বন্যা পরিস্থিতি নিয়েও আলোচনা হয়। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট কমিটি'ৰ চেয়ারম্যান বিমান বসুৰ পৌৰহিত্যে এই বৈঠকে উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা পলিটব্যুৰো সদস্য মানিক সরকার, রাজ্য কমিটি'ৰ সদস্য প্রাক্তন মন্ত্রী অধোর দেববৰ্মা, মানিক দে সহ অন্যৰা।

Press Meet-Mayor :

আত্মৰতলা পুর নিম্ন এলাকায় আসন্ন দুৰ্গাৎসব সম্পন্ন কৰাৰ জন্য মেয়ৰ দীপক মজুমদাৰ ক্লাব এবং পূজা উদ্যোক্তাদের উদ্দেশ্যে কিছু নিৰ্দেশিকা ঘোষণা কৰেছেন। ঐতকাল আত্মৰতলায় এক সাংবাদিক সম্মেলনে মেয়ৰ শ্ৰী মজুমদাৰ নিৰ্দেশিকাৰ বিস্তাৰিত উল্লেখ কৰে জানান, পূজা উদ্যোক্তাদের অগ্নি নিৰ্বাপক দপ্তৰ, বিদ্যুৎ নিম্ন, পূৰ্ত এবং ট্ৰাফিক দপ্তরের কাছ থেকে প্রয়োজনীয় অনুমতি নিতে হবো। যদি প্যাভেলের উচ্চতা ২০ ফুট এর অধিক হয় তাহলে সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে অনুমোদন নিতে হবো। বিদ্যুৎ পরিবাহী লাইন থেকে সরাসরি ৮ ফুট দূৰত্বে প্যাভেল নিৰ্মান কৰতে হবো। তিনি আৰো জানান, বিজয়া

দশমীর পৰেৰ দিন প্যান্ডেল ভেঙ্গে দিতে হবে। অন্যথায় পূব নিম্ন কোনো প্রকার নোটিশ ছাড়াই তা ভেঙ্গে দেবে। এর জন্য যে অর্থ ব্যয় হবে, তা সংশ্লিষ্ট পূজা উদ্যোক্তাদের বহন করতে হবে। আলোকসজ্জার ক্ষেত্রে যাতে ট্রাফিকের কোনো অসুবিধা না হয়, সেদিকেও লক্ষ্য রাখতে হবে পূজা উদ্যোক্তাদের উপর। পূজা প্যান্ডেলের সামনে রক্তদান সহ অন্যান্য সামাজিক কর্মসূচি নিয়ে প্রচার করার জন্য তিনি পূজা উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান।

Ratan Lal Nath :

মোহনপুর বিধানসভা কেন্দ্রের পাঁচটি গ্রাম পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান সহ সমস্ত নির্বাচিত সদস্যরা ঐকাল শপথ গ্রহন করেন। কলাছড়া, মোহিনিপুর, বিজয়নগর, কলকলিয়া এবং আমগাছিয়া গ্রাম পঞ্চায়েতে শপথ গ্রহন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ। তিনি নির্বাচিত পঞ্চায়েত প্রতিনিধিদের স্বচ্ছতার সঙ্গে পঞ্চায়েত পরিচালনা এবং গ্রামের সকল অংশের মানুষের কল্যাণে কাজ করতে আবেদন করেছেন।

CHANDRA SMRITI :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা ঐকাল থেকে শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের উদ্বোধনী খেলায় এটিয়ে চলো সংঘ ২-১ গোলে নাইন বুলেটস ক্লাবকে পরাজিত করে। নৈশালোকে অনুষ্ঠিত এই খেলা শুরু হওয়ার আগে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের সহ-সভাপতি রূপক সাহা আসরের উদ্বোধন করেন। প্রাক্তন ফুটবলার মাখন সূত্রধর বল-এ পা ছোঁয়ান। এছাড়া টিএফএ'র কর্মকর্তারা উপস্থিত ছিলেন। আজ আসরের দুটি খেলা হবে।

WEATHER :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ প্রধানত: মেঘলা থাকবে। হালকা থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রী সেলসিয়াস।